

ফাদার আলেকসি প্রেমকুমার অ্যান্টনিসেমির মুকতির বিষয়ে এক প্রশ্নের জবাবে সরকারি মুখ্যপাত্র

ফাদার আলেকসি প্রেমকুমার অ্যান্টনিসেমির মুকতির বিষয়ে এক প্রশ্নের জবাবে সরকারি
মুখ্যপাত্র বলেন-

“গত ২ জুন ২০১৪ পশ্চিম আফগানিস্তানের হেরাট প্রদেশ থেকে সন্ত্রাসবাদীরা ভারতীয়
নাগরিক ফাদার আলেকসি প্রেমকুমার অ্যান্টনিসেমিকে অপহরণ করে। তিনি মুক্তি
পেয়েছেন।

অপহরণের সময়ে ফাদার প্রেমকুমার জিসুইস্ট রিফিউজি সার্ভিস নামে এক আন্তর্জাতিক
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের হয়ে আফগানিস্তানে শিক্ষাবিস্তারের কাজে ব্রতী ছিলেন।

তাঁর মুকতির জন্য আমাদের প্রধানমন্ত্রীর স্তর সহ সর্বোচ্চ নেতৃত্ব প্রয়াস করছিলেন।

বিগত আটমাসধরে যাঁরা এক ভারতীয় নাগরিকের নিরাপদ মুকতির মতো মানবতামূলক
কাজে নিরলস সহযোগিতা করে এসেছেন, তাঁদের প্রতি গভীর আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ
করছি।

ফাদার আলেকসি প্রেমকুমার এখন নিরাপদ স্বভূমিতে রয়েছেন এবং তাঁর পরিবারের সংগে
শীଘ্র মিলিত হওয়ার যাবতীয় প্রয়াস করা হচ্ছে।

নয়াদিল্লি

২২ ফেব্রুয়ারি ২০১৫